

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ

(২০২৪ইং সনের ২৭৬ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ০৩ সেপ্টেম্বর, ২০২৪খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০:৩০ মিনিট হইতে ০৫ সেপ্টেম্বর, ২০২৪খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বিকাল ৪:১৫ মিনিট পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চসমূহ গঠন করা হইল :

১. বিচারপতি মোঃ আকরাম হোসেন চৌধুরী

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের ডিক্রি ও আদেশের বিরুদ্ধে অনুর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ ডিক্রি ও আদেশের বিরুদ্ধে দেওয়ানী রিভিশন মোকদ্দমা এবং একক বেঞ্চে গ্রহণযোগ্য সকল লয়াজিমা বিষয়; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোক্তান্তরিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

উল্লেখ্য যে, ১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রীং তারিখের পূর্বে দায়েরকৃত, স্থানান্তরিত বা চলমান সকল প্রকার দেওয়ানী মোকদ্দমা বা কার্যধারা অত্র বেঞ্চেই শুনানী ও নিষ্পত্তি হইবে।

২. বিচারপতি আহমেদ সোহেল

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য আদিম অধিক্ষেত্রাধীন বিষয়াদিসমূহ; সাকসেশন আইন, ১৯২৫ অনুযায়ী ইচ্ছাপত্র ও ইচ্ছাপত্র ব্যাতিরেকে মৃত ব্যক্তির বিষয়বস্তুর অধিক্ষেত্রে; বিবাহ বিচ্ছেদ আইন, ১৮৬৯ অনুযায়ী মোকদ্দমা; প্রাইজ কোর্ট বিষয়সহ এ্যাডমিরেলটি কোর্ট আইন, ২০০০ অধিক্ষেত্রাধীন মোকদ্দমা; মার্চেন্ট শিপিং অর্ডিনেসেন্স, ১৯৮৩ এর অধীনে আবেদনপত্র; ২০০৯ইং সনের ট্রেডমার্ক আইনের অধীন আবেদনপত্র; ১৯১৩ ও ১৯৯৪ইং সনের কোম্পানী আইন অনুযায়ী আবেদনপত্র; ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ইং (১৯৯১ইং সনের ১৪নং আইন) অনুযায়ী আবেদনপত্র; সালিশ আইন, ২০০১ (২০০১ইং সনের ১নং আইন) অনুযায়ী আপীল ও আবেদনপত্র; বীমা আইন, ২০১০ইং অনুযায়ী আপীল ও তৎসংক্রান্ত আবেদনপত্র গ্রহণ করিবেন; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোক্তান্তরিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকশুল্ক থাকিলে তাহাও গ্রহণ করিবেন।

ত্বরিত
বাংলাদেশের প্রধান বিচারপতি
তারিখঃ- ০২ সেপ্টেম্বর, ২০২৪খ্রিঃ

প্রচারের জন্য :-

- ১। বিচারপতি মোঃ আকরাম হোসেন চৌধুরী
- ২। বিচারপতি আহমেদ সোহেল